তারিখ 12 MAY 2016
পৃষ্ঠা ৩ ৬ কলাম ৬

দৈনিক ইত্তেফাক

# ১৪৮ শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি ও গভর্নিং বডি বাতিলের নির্দেশ

■ ইত্তেফাক রিপোর্ট

এসএসসি পরীক্ষায় ফরমপূরণ বাবদ বোর্ড কর্তৃক নির্ধারিত অর্থের অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগে ১৪৮টি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি-গভর্নিং বডি বাতিল করেছে শিক্ষা মন্ত্রণালয়। সবগুলো প্রতিষ্ঠান রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন। গতকাল বুধবার মন্ত্রণালয় এ সংক্রান্ত আদেশ জারি করেছে।

মন্ত্রণালয় জানিয়েছে, এসএসসি পরীক্ষায় ফরমপূরণ বাবদ বোর্ড কর্তৃক নির্ধারিত অর্থের অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগের ভিত্তিতে ওই শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে অতিরিক্ত অর্থ শিক্ষার্থীদের ফেরত দেয়ার জন্য আদেশ দেয়া হলেও এই ১৪৮টি প্রতিষ্ঠান অর্থ ফেরত দেয়নি এবং এমনকি শোকজের জবাবও দেয়নি।